

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩১.১৮-৪৭৪

তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ।

**প্রজ্ঞাপন**

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট এর ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) আরএসি জনাব শ্রী সন্তোষ কুমার রায় তার পূর্ববর্তী কর্মস্থল ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত থাকাকালীন গত ০৭/০৬/২০১৮ খ্রিঃ তারিখে ইনস্টিটিউট এর অধ্যক্ষ প্রকৌ. মীর মোঃ মোশাররফ হোসেন ঢাকা হতে সরকারী কাজ শেষে আনুমানিক বিকাল ৩.০০ ঘটিকার সময় নিজ কর্মস্থলে গাড়ি নিয়ে প্রবেশ করতে চাইলে বাঁধা দেন এবং শারীরিকভাবে লাল্কিত করে পুনরায় ঢাকা ফেরত যাওয়ার জন্য জোর করে গাড়িতে তুলে দেয়ার ঘটনায় তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানোর নোটিশ এর জবাবে তিনি ব্যক্তিগত গুনানী চান মর্মে জানান। গত ১৪/১১/২০১৮খ্রিঃ তারিখ ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়। গুনানীতে তার বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩১.১৮-৯৮৯(৩), তারিখ-১৮/১২/২০১৮ খ্রিঃ মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত গুনানী চান মর্মে জানান। গত ০৪/০২/২০১৯খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়। গুনানীতে তার বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় আনীত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৩(খ) মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব শ্রী সন্তোষ কুমার রায়, ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) আরএসি, চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, চাঁদপুর কে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি মোতাবেক বেতন ছেড়ের নিম্নতর ধাপে অবনমিতকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। এমতাবস্থায়, জনাব শ্রী সন্তোষ কুমার রায়, ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) আরএসি, চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, চাঁদপুর কে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৪ এর উপবিধি ১(ক) মোতাবেক লঘুদণ্ডের আওতায় বিধি ৪ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী “বেতন ছেড়ের নিম্নতর ধাপে অবনমিতকরণ” করা হল।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(রওনক মাহমুদ)  
অতিরিক্ত সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
ও  
মহাপরিচালক(অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩১.১৮-৪৭৪(৮)

তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১-২। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, চাঁদপুর।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁদপুর।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জনাব শ্রী সন্তোষ কুমার রায়, ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) আরএসি, চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, চাঁদপুর।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।

  
(নাজমুন নাহার)  
সহকারী পরিচালক-৩  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
ফোন-০২-৮১৮১২২৫